

## বিমানবন্দরে প্রবাসীদের হয়রানি বন্ধে স্মারকলিপি

- A Monitor Desk Report

Date: 15 August, 2024



ঢাকাঃ বিমানবন্দরে প্রবাসীদের হয়রানি বন্ধ ও সেবার মান বাড়াতে স্মারকলিপি দিয়েছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। বুধবার (১৪ আগস্ট) সকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষের কাছে এই স্মারকলিপি তুলে দেন ছাত্ররা।

বিমানবন্দর কর্তৃপক্ষের কাছে সমন্বয়কেরা জানান, বিমানবন্দরে প্রবাসীদের ইমিগ্রেশনে অযথা হয়রানি ও সময় বিলম্বের কারণে তাঁদের ভ্রমণে অনেক বেশি কষ্টকর হয়। এ ছাড়া প্রবাসীদের সঙ্গে বিমানবন্দরে খারাপ ব্যবহার বন্ধের দাবি জানান ছাত্ররা।

একই সঙ্গে বিমানবন্দরে প্রবাসীদের যথাযথ সম্মান দেওয়ার আহ্বান জানানো হয়। বাংলাদেশ বিমানের সেবার মান বাড়ানো ও টিকিটের দাম কমানোরও দাবি জানায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।

এর আগে সকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের অনিয়ম, দুর্নীতি ও সাধারণ মানুষ এবং রেমিট্যান্স-যোদ্ধাদের হয়রানি বন্ধে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা সেখানে যান। সে সময় বিমানবন্দরে কর্তব্যরত কর্মকর্তাদের কাছে বিভিন্ন অনিয়ম ও সমস্যার কথা উপস্থাপন করেন তাঁরা।

-B